

১২৬ নং

তাল -- একতাল

গেল রাম লীলে আর কৃষ্ণ লীলে গৌরঙ্গ লীলে ।
বর্তমান এই কলিতে, হরি ঠাকুর নামেতে,

হ'ল যশোবন্ত ঠাকুরের ছেলে ॥

ল'য়ে ব্রজনাটু বিশ্বনাথে, মহাপ্রভু হরিগুণ গান গায়,
থেকে ওড়াকান্দী গায়, এ বিশ্বে কত দৃশ্য দেখায়,
বিশ্বনাথের মৃত্যু হ'ল, সেই বাড়ী হরিচাঁদ গেল,
গিয়ে বিশ্বনাথের জীবন দিল, এই করিল বাল্য অবস্থায় ॥

কত মরা গরু বাঁচাইল হরিনামের গুণে,

প্রভু রামরীপ দেখায় হীরামনে,

তাইতে হ'লে দীরামন গোঁসাই--

আশ্চর্য্য সব লীলে সব প্রভু দেখালেন এই কলিকালে,

এমন আর শুনি নাই ॥

দশরথ বিশ্বাসের বাড়ী প্রভুর আগমন,

যত ভক্তবৃন্দ সাথে ল'য়ে প্রভু করেন সংকীৰ্ত্তন,

গ্রাম্য লোকের যন্ত্রণাতে, নায়েবের অত্যাচার তাতে,

নায়েব বংশ ধ্বংস সেউ পাপেতে,

বাড়ী ঘর পুড়ে হ'ল ছাই ।

মহা মহা রোগে মুক্তি দিলে প্রভুর দোহাই ॥

দায়াল হরিচাঁদের কৃপাগুণে, হীরামনের মহিমা অপার,

হেঁটে নদী হ'তে পার, মুখের কথায় সেরে যে'ত জুর ।